

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/ ০২ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.০৭১—জাতীয় সংসদের দিনাজপুর-৩ আসনের মাননীয় সংসদ-সদস্য ও হইপ জনাব ইকবালুর রহিম তাঁর নির্বাচনী এলাকায় হিজড়া লিঞ্জের মানুষদের আবাসনের জন্য ‘মানবপল্লী’ গড়ে তোলা, বৃদ্ধাশ্রম নির্মাণ ও অন্যান্য সামাজিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ওয়ার্ল্ড লিডারশিপ ফেডারেশন (ডব্লিউএলএফ) কর্তৃক সোশ্যাল ইনোভেটর ক্যাটাগরিতে ‘ডব্লিউএলএফ অ্যাওয়ার্ড-২০১৭’-তে ভূষিত হয়েছেন।

২। ‘ডব্লিউএলএফ অ্যাওয়ার্ড-২০১৭’ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মাননীয় সংসদ-সদস্য ও হইপ জনাব ইকবালুর রহিমকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৫ ফাল্গুন ১৪২৩/২৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
এন. এম. জিয়াউল আলম
সচিব (সমন্বয় ও সংস্কার)

(২১৫৯)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা: ১৫ ফাল্গুন ১৪২৩
২৭ ফেব্রুয়ারি ২০১৭

জাতীয় সংসদের দিনাজপুর-৩ আসনের মাননীয় সংসদ-সদস্য ও হইপ জনাব ইকবালুর রহিম তাঁর নির্বাচনী এলাকায় হিজড়া লিঙ্গের মানুষদের আবাসনের জন্য ‘মানবপল্লী’ গড়ে তোলা, বৃদ্ধাশ্রম নির্মাণ ও অন্যান্য সামাজিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ওয়ার্ল্ড লিডারশিপ ফেডারেশন (ডব্লিউএলএফ) কর্তৃক সোশ্যাল ইনোভেটর ক্যাটাগরিতে ‘ডব্লিউএলএফ অ্যাওয়ার্ড-২০১৭’-তে ভূষিত হয়েছেন। ভারতভিত্তিক ওয়ার্ল্ড লিডারশিপ ফেডারেশন (ডব্লিউএলএফ) অর্থনীতি, শিক্ষা এবং সামাজিক বিষয়ে বিভিন্ন ক্যাটাগরিতে সংস্কার ও সৃজনশীলতার জন্য ব্যক্তি, গোষ্ঠী ও প্রতিষ্ঠানকে এই অ্যাওয়ার্ড দিয়ে থাকে। এই পুরস্কার প্রদানের মাধ্যমে পুরস্কারপ্রাপ্তদের সংস্কারমূলক ও সৃজনশীল কর্মকাণ্ডের তথ্য আদান-প্রদান, অভিজ্ঞতা বিনিময় এবং পারস্পরিক সম্পর্ক উন্নয়নই ডব্লিউএলএফ-এর মূল লক্ষ্য। গত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে এক অনুষ্ঠানের মাধ্যমে ডব্লিউএলএফ কর্তৃক জনাব ইকবালুর রহিমকে উক্ত সম্মাননা প্রদান করা হয়।

উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আশ্রয়ণ প্রকল্পের আওতায় পুনর্ভবা নদীর তীরে দিনাজপুর সদরের বাংগিবেচাঘাট এলাকায় জনাব ইকবালুর রহিমের নেতৃত্বে ২০১২ সালে হিজড়া লিঙ্গের জনগোষ্ঠীর আবাসনের জন্য ‘মানবপল্লী’ গড়ার কাজ শুরু হয়। এই পল্লীতে ইতোমধ্যে ১২৫ জন হিজড়া লিঙ্গের মানুষকে পুনর্বাসিত করা হয়েছে। আত্মকর্মসংস্থানের জন্য বিভিন্ন প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে বৃহত্তর সমাজ ও আর্থ-সামাজিক কর্মকাণ্ডের মূলধারায় তাঁদেরকে অন্তর্ভুক্তির সুযোগ করে দেওয়া হয়েছে। অনুরূপভাবে তাঁর নির্বাচনী এলাকায় ২৫ জনের আবাসনব্যবস্থা সংবলিত বৃদ্ধাশ্রম প্রতিষ্ঠার মাধ্যমে তিনি প্রবীণ জনগোষ্ঠীর পুনর্বাসনসহ প্রভূত কল্যাণ সাধন করেছেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার বাংলাদেশের হিজড়া জনগোষ্ঠীকে হিজড়া লিঙ্গ হিসাবে চিহ্নিত করে স্বীকৃতি প্রদানের মাধ্যমে মানবাধিকার সমুন্নত রাখাসহ বিশ্বের দরবারে সামাজিক উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশকে আরও সুউচ্চ অবস্থানে অধিষ্ঠিত করেছে। এরই ধারাবাহিকতায় জনাব ইকবালুর রহিম কর্তৃক ডব্লিউএলএফ অ্যাওয়ার্ড-২০১৭ প্রাপ্তি সমাজের অবহেলিত মানুষের ভাগ্য-উন্নয়ন ও সুরক্ষার ক্ষেত্রে দেশে-বিদেশে এক অনন্য দৃষ্টান্ত হয়ে থাকবে।

দশম জাতীয় সংসদের মাননীয় সংসদ-সদস্য ও হইপ জনাব ইকবালুর রহিম ‘ডব্লিউএলএফ অ্যাওয়ার্ড-২০১৭’ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জলতর করায় মন্ত্রিসভা তাঁকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd